

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন  
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৪৪.১৮.২১৭

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৫

২২ মে ২০১৮

বিষয়: মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন মানিকনগর ডি.এস আমিনিয়া আলিম মাদরাসার নিয়োগ  
বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) মানিকনগর ডি.এস আমিনিয়া আলিম মাদরাসার স্মারক নং-এম.এ.এম ০৯/২০১৮ তারিখ: ০৫.০৪.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্ব (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার সুপার (ভারপ্রাপ্ত) এর আবেদনের প্রেক্ষিতে সূত্রস্ব (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নবর্ণিত মাদরাসায় “ সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্ট” পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে জনাব মো: আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)-কে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম
০১.	মানিকনগর ডি.এস আমিনিয়া আলিম মাদরাসা, মুজিবনগর, মেহেরপুর। মোবা: নং-০১৭১০-৪৫২১৫৯	০১. সুপারিনটেনডেন্ট-০১টি ০২. সহকারী সুপারিনটেনডেন্ট-০১ টি	মো: আফাজ উদ্দীন সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। ০১৭১৮-৬৫৮৯১০

শর্তাবলীঃ

- (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
  - (২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
  - (৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুষ্টেদ মোতাবেক প্যারটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
  - (৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কামা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
  - (৫) মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূঙ্খানুপূঙ্খরূপে অনুসরণ করতে হবে।
  - (৬) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
  - (৭) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সন্মিলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।
  - (৮) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং সামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
  - (৯) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পূঙ্খানুপূঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
  - (১০) “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।
  - (১১) এ নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত পর্বের প্রার্থী বহাল থাকবে।
০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।



২২-৫-২০১৮

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

ফোন: ৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

বিতরণ :

- ১) মো: আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সর: ও সিনি:  
মাদরাসা), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) সুপার (ভারপ্রাপ্ত), মানিকনগর ডি.এস আমিনিয়া আলিম  
মাদরাসা, ডাক: কেদারগঞ্জ, উপজেলা: মুজিবনগর, জেলা:  
মেহেরপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৪৪.১৮.২১৭/১(২)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৫  
২২ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুজিবনগর, মেহেরপুর।



২২-৫-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক